

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪১৬৪

খোয়াই, ১২ ডিসেম্বর, ২০২৩

### খোয়াই জেলাভিত্তিক ভারতীয় ভাষা দিবস

খোয়াই পুরাতন টাউন হলে গতকাল খোয়াই জেলাভিত্তিক ভারতীয় ভাষা দিবস উদযাপন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন খোয়াই জিলা পরিষদের সভাপতি জয়দেব দেববর্মা। অনুষ্ঠানের উদ্বোধন করে জিলা পরিষদের সভাপতি বলেন, বিভিন্ন ভাষাভাষীর দেশ ভারতবর্ষ। ভারতীয় কৃষ্টি-সংস্কৃতি, ভাষা ও অখন্ডতা রক্ষায় আমাদের সবাইকে মিলেমিশে কাজ করতে হবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন দেবশীষ নাথশর্মা খোয়াই জিলা পরিষদের কর্মবিষয়ক স্থায়ী কমিটির সভাপতি সুব্রত মজুমদার, শিক্ষক রাজীব মজুমদার, খোয়াই বিদ্যালয় পরিদর্শক প্রভেন দেববর্মা প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন খোয়াই সরকারী দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক বিপিন দেববর্মা। সভাপতিত্ব করেন জেলা শিক্ষা আধিকারিক দীনেশ দেববর্মা। অনুষ্ঠানে জেলার বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীগণ সংগীত, ভারত নাট্যম, জনজাতি লোকনৃত্য পরিবেশন করে।

\*\*\*\*\*